



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/19/2021

গভর্নর ক্যাথি হোকল

## CDC কর্তৃক সকল প্রাপ্ত বয়স্ক ব্যক্তির জন্য কোভিড-19 বুস্টার ডোজের অনুমোদন সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"আজকে, সকল প্রাপ্ত বয়স্কের জন্য বুস্টার ডোজ স্বাস্থ্য বিশেষজ্ঞ এবং ডাক্তারদের ফেডারেল পর্যালোচনার সর্বশেষ ধাপ পাড় করেছে। যখন আমরা ছুটির মৌসুমে প্রবেশ করছি এবং পরিবার-পরিজনের সাথে ইনডোরে একত্রিত হচ্ছি, তখন এটি একটি অসাধারণ সংবাদ।

"বুস্টার ডোজ বাড়তি সুরক্ষা প্রদান করতে পারে, বিশেষ করে 50 বছর বা তার বেশি বয়স্ক ব্যক্তি এবং অন্যান্য ব্যক্তি যার অন্তর্নিহিত স্বাস্থ্য অবস্থা রয়েছে। নিউ ইয়র্কের প্রাপ্ত বয়স্কদের 80 শতাংশ সম্পূর্ণ টিকা পেয়েছে, তাই হাত ধোয়া এবং মাস্ক পরার পাশাপাশি আমাদের নিজেদের এবং আমাদের ভালোবাসার মানুষদের রক্ষা করতে বুস্টার ডোজ নেওয়া আরেকটি গুরুত্বপূর্ণ উপায়।

"আমরা জানি যে নিউ ইয়র্কের বিভিন্ন অঞ্চলজুড়ে কোভিড র সাম্প্রতিক বিস্তার ঐসকল এলাকায় টিকাকরণের হার কম হওয়ার কারণে ঘটছে। আরও বেশি নিউ ইয়র্কবাসীকে টিকা দেওয়া, 5 বছর এবং তদূর্ধ্ব শিশু সহ, কোভিড-19 এর বিরুদ্ধে আমাদের লড়াইয়ের মোড় ঘুরিয়ে দিতে সাহায্য করার সেরা উপায়।

"তাই, আপনি যদি টিকা না নিয়ে থাকেন, টিকা নিন। আপনার যদি সন্তান থাকে, তাহলে তাদের টিকা দিন। আর আপনি যদি টিকা নিয়ে থাকেন, তাহলে বুস্টার ডোজ নিন। এটি সব জায়গায় পাওয়া যাচ্ছে, বিনামূল্য এবং নিরাপদ। আসুন কাজটি করি, নিউ ইয়র্ক।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)